# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

**ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স**

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৫-৪৩৩ তারিখ : ১৫ সেপ্টেম্বর, ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

**প্রধান বার্তা সম্পাদক,**
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

**বাংলাদেশ ব্যাংকের AFI Maya Declaration Commitment Award, 2025 অর্জন**

২০২৫ সালে Alliance for Financial Inclusion (AFI)-এর 'Maya Declaration Commitment Award' অর্জন করেছে বাংলাদেশ ব্যাংক। ০৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ Swakopmund, Namibia-তে অনুষ্ঠিত AFI Global Policy Forum (GPF)-এর Awards Ceremony তে বাংলাদেশ ব্যাংককে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। AFI-এর Maya Declaration Commitment-এর আওতায় বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট, ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট, এনএফআইএস এডমিনিস্ট্রেটিভ ইউনিট, পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর পাশাপাশি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি কর্তৃক প্রতি বছর আর্থিক অন্তর্ভুক্তি বিষয়ক স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা গ্রহণ করা হয়। এসকল লক্ষ্যমাত্রার উল্লেখযোগ্য অংশই বাংলাদেশ ব্যাংক কর্তৃক অর্জিত হওয়ায় এ অর্জনের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ ব্যাংককে অ্যাওয়ার্ডটি প্রদান করা হয়েছে।

AFI বিশ্বব্যাপী আর্থিক অন্তর্ভুক্তি বিষয়ে নীতি নির্ধারণী রেগুলেটরি প্রতিষ্ঠানসমূহের একটি আন্তর্জাতিক সংগঠন। বর্তমানে বিশ্বের ৮৪টি দেশের কেন্দ্রীয় ব্যাংক, অর্থ মন্ত্রণালয় ও আর্থিক খাতের অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাসহ ৯০ টি প্রতিষ্ঠান এ সংস্থার সদস্য। প্রতিবছর AFI কর্তৃক আয়োজিত GPF-এ আর্থিক অন্তর্ভুক্তিতে বিশেষ অবদানের জন্য এর সদস্যদের মধ্য থেকে বিভিন্ন ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এ বছর GPF-এ বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর, নীতি নির্ধারকবৃন্দ ও আর্থিক অন্তর্ভুক্তির অংশীজনসহ ৭০০ জনেরও অধিক প্রতিনিধি অংশগ্রহণ করেন।

**জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।**

**ধন্যবাদান্তে,**


**(সাঈদা খানম)**
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০৩০০
E-mail: sayeda.khanam@bb.org.bd